

অতীব জরুরী
হজ্জ সর্বোচ্চ অগ্রাধিকার

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ধর্ম বিষয়ক মন্ত্রণালয়
হজ্জ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০৮.১৬- ৮৮৬


তারিখঃ ০৮.০৬.২০১৭ খ্রিঃ

বিষয়ঃ ২০১৭ খ্রিঃ/১৪৩৮ হিজরী সালে হজ্জযাত্রীদের বাড়ী ভাড়া, খাওয়ার খরচ ও মোয়াল্লেম ফি বাবদ সর্বমোট ৬৮৩০ সৌ:রি:
অর্থ ই-পেমেন্ট সিস্টেমে স্ব-স্ব এজেন্সির ব্যাংক একাউন্ট (IBAN) এ প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে আদিষ্ট হয়ে জানানো যাচ্ছে যে, ২০১৭ খ্রিঃ/১৪৩৮ হিজরী সালে বেসরকারী ব্যবস্থাপনায় গমনেচ্ছ হজ্জযাত্রীদের সৌদি আরবে বাড়ীভাড়া বাবদ ৪১৪১ সৌ:রি:, খাওয়ার খরচ বাবদ ১৬০০ সৌ:রি: এবং মোয়াল্লেম ফি বাবদ ১০৮৯ সৌ:রি: সর্বমোট (৪১৪১+১৬০০+১০৮৯)=৬৮৩০ সৌ:রি: স্ব-স্ব এজেন্সির ব্যাংক একাউন্ট হতে (IBAN) এর মাধ্যমে সৌদি আরবে স্থানান্তরের বাধ্যবাধকতা রয়েছে।

০২। এমতাবস্থায়, হজ্জযাত্রীদের নামের তালিকা ও বাড়ী ভাড়ার চুক্তিপত্র সম্পাদনের প্রমান দাখিল সাপেক্ষে সংশ্লিষ্ট হজ্জ এজেন্সীর মালিক/বেধ প্রতিনিধিকে আর্থিক বিধি-বিধান অনুসরণ করতঃ সৌদি আরবে হাজী প্রতি বাড়ী ভাড়া, খাওয়ার খরচ এবং মোয়াল্লেম ফি বাবদ সর্বোচ্চ ৬৮৩০ (ছয় হাজার আটশত ত্রিশ) সৌদি রিয়াল স্থানান্তরের প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণের জন্য অনুরোধ করা হ'ল।

০৩। বিষয়টি অতীব জরুরী ও গুরুত্বপূর্ণ।


(বেগম হাসিনা শিরীন)
সহকারী সচিব (হজ-২)
ফোন : ৯৫৮৫২০০

morahajsection@gmail.com

গর্ভণর
বাংলাদেশ ব্যাংক
ঢাকা।
(দৃঃ আঃ মহাব্যবস্থাপক, বৈদেশিক মুদ্রানীতি বিভাগ
বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা)।

নং-১৬.০০.০০০০.০০৩.৩০.০০৮.১৬- ৮৮৬

তারিখঃ ০৮.০৬.২০১৭ খ্রিঃ

অনুলিপি কার্যার্থেঃ

- ১। কাউন্সেলর (হজ), বাংলাদেশ হজ অফিস, জেদ্দা, সৌদি আরব।
- ২। পরিচালক, হজ্জ অফিস, আশকোনা, বিমান বন্দর, ঢাকা।
- ৩। ব্যবস্থাপনা পরিচালক, সোনালী ব্যাংক লিমিটেড, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। মহাব্যবস্থাপক, সোনালী ব্যাংক লিমিটেড, স্থানীয় কার্যালয় শাখা, মতিঝিল, ঢাকা।
- ৫। সভাপতি/মহাসচিব, হজ্জ এজেন্সীজ এসোসিয়েশন অব বাংলাদেশ (হাব), সাতারা সেন্টার (১৬ তম তলা), হোটেল ভেঙ্কটেরী, ৩০/এ, নয়াপল্টন, ভিআইপি রোড, ঢাকা (সংশ্লিষ্ট সকল এজেন্সীকে অবহিত করার অনুরোধসহ)।
- ৬। ব্যবস্থাপনা পরিচালক, বিজনেস অটোমেশন লি:, ১২, কাণ্ডান বাজার, ঢাকা (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।


(বেগম হাসিনা শিরীন)
সহকারী সচিব (হজ-২)।